



ଶ୍ରୀରାତ୍ନକ

५३

শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার আহবান

আগামীকাল ডাকসু নিবাচন

(বিশ্ববিদ্যালয় বিপোর্টাৰ)

আগামীকাল (বুধবার) ডাক্ষু
নির্বাচন। দীর্ঘ ৭ বছর পর এই
নির্বাচন অনুষ্ঠিত হইতেছে। গত-
কাল (সৌম্যবার) ছিল নির্বাচনী
প্রচারণার শেষ দিন। শাস্তিপূর্ণ-
ভাবে বিপল উৎসাহ উদ্বীপনাৰ

মধ্য দিয়া গতকাল বিভিন্ন জোট
ও ছাত্র সংগঠন মনোনীত প্যানেল
পৃথকভাবে প্রচারণা মিছিলের আয়ে
জন করে। ডিপি প্রকেন্দ্র আবদুজ্জি-
ম্যান এবং চাকা বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতি পৃথক বিবৃতিতে
(শেষ পাঁচ টি এবং কং দুই)

ডাকস নির্বাচন

(১ম পৃঃ পর)

গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচনী প্রচা-
রণা চালানোর জন্য ছাত্র-ছাত্রী-
দেরকে অভিনন্দন জানান। বিবৃ-
তিতে তিসি নির্বাচন উপলক্ষে
ক্যাম্পাইগে শাস্তিপূর্ণ পরিবেশ-বজায়
রাখার জন্য ছাত্র শিক্ষক অফিসার
কর্মচারী সহ সংশ্লিষ্ট সকলের প্রতি
আবেদন জানাইয়াছেন।

নির্বাচনী প্রচারণার শেষ দিনে
ছাত্র সংগ্রাম পরিষদের ‘স্লুটান-
মুশতাক’ ও ছাত্র দলের ‘দুদু-রিপন’
পরিষদ পৃথক প্রচারণা মিছিলের
আয়োজন করে। ছাত্র শিখিরের
‘শামসু-আমিন’ পরিষদসহ অন্যান্য
পরিষদের পোষ্টারও ক্যাম্পাসে
মজুরে পড়ে।

શ્રી બાળ

নির্বাচনী প্রচারণার শেষ দিনে
গতকাল (সোমবার) ডাকস্ব ভবনে
জাতীয়তাবাদী ছাত্রদলের 'দুর্দলিপন'
পরিষদ এক সাংবাদিক সম্মেলনে
তাহাদের ভোট দেওয়ার জন্য ছাত্র-
ছাত্রীদের প্রতি আহ্বান জনায়।
ছাত্রদলের নির্বাচন কমিশনের
চেয়ারম্যান আমান উলাই আমান
সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ
করেন। ছাত্র দল মনোনীত ডিপি
ও জি,এস পদ প্রাপ্তী শাহসুজ্জা-
মান দুর্দল ও আশাদুজ্জামান রিপন
সাংবাদিক সম্মেলনে বিভিন্ন প্রশ্নের
উত্তর দেন। প্রশ্নের জবাবে
সাংবাদিক সম্মেলনে বলা হয়,
ছাত্রদল ডাকস্বতে বিজয় অর্জনের
পর ৭দফা বাস্তবায়নের উদ্যোগ
নিবে। ৭দফায় সন্তানের বিরুদ্ধে
প্রতিরোধ, শহ শিক্ষা সম্পর্কিত
বিভিন্ন সমস্যা সমাধানের কথা
বলা হইয়াছে।

‘বাংলাদেশ ছাত্রলীগ (জ-বু)’ এবং
গণতান্ত্রিক ছাত্রলীগের ‘বকর-মঙ্গল’
পরিষদ গতকাল ‘দুদু-রিপন’ পরি-
ষদকে সমর্থন করিয়া নিজস্ব
প্রয়ান্মেল প্রত্যাহার করিয়াছে।
সংগ্রামী ছাত্র জোটের সভায় এই
যিন্দ্রিক ঘোষ্য হয়।

ছত্র সংগঠন পরিষদ

গতকাল ক্যাম্পাসে প্রচারণা
যিছিল শেষে বটতলায় ছাত্র সংগ্রাম
পরিষদ মনোনীত ‘সুলতান-মুশতাক’
পরিষদের ডাকস্ট ও ইল সংসদের
প্রাথীদের এক পরিচিতি অনুষ্ঠানের
আয়োজন করা হয়। ছাত্রনেতা
তাহের উল্লাহর সভাপতিত্বে পরি-
চিতি অনুষ্ঠানে বঙ্গরা বলেন,
সন্দাস প্রতিরোধ, সুস্থ শিক্ষাফন
প্রতিষ্ঠা, বৈরাচার এবং সাম্প্রদা-
য়িকতা বিরোধী আন্দোলনকে
জোরদার করার লক্ষ্যে ছাত্র সংগ্রাম
পরিষদ ডাকস্ট নির্বাচনে অংশ
নিয়াচ্ছে। ৮ই ফেব্রুয়ারী ছাত্র-
ছাত্রীরা প্রমাণ করিবে তাহারা বিশু-
বিদ্যালয়ে সন্দাস ও অন্দৰাজি ঢায়
না। অনুষ্ঠানে আবদুর রহমান,
আবেদরাজা

নাজমুল হক প্রধান, বক্তৃতা করেন।
মোস্তফা ফারুক হল সংসদ প্রার্থী-
দের এবং ভাইর উদ্দিন স্বামী
ডাকস্তুর প্রার্থীদের পরিচয় করাইয়া
দেন। জি, এস পদপ্রার্থী মুশতাক
হোসেন শুভেচ্ছা বক্তব্য রাখেন।
অনুষ্ঠানে মোহামেডানের অধিনায়ক
ইলিয়াস এবং অবিহনীর খেলোয়াড়
ওয়াসিম পরিষদ মনোনীত ক্রীড়া
সম্পাদক পদপ্রার্থী শফিকুল ইসলাম
মানিককে শুভেচ্ছা জানান।

ছাত্র ফেডারেশন

বাংলাদেশ ছাত্র ফেডারেশন
গতকাল ডাকস্বর ভবনে আয়োজিত
এক সাংবাদিক সম্মেলনে ফেডা-
রেশন ঘনোনীত ফয়জুল-ফারুক
পরিষদে তোট দেওয়ার জন্য ছাত্র-
ছাত্রীদেরকে আহ্বান জানাইয়াছে।
এবারের নির্বাচনে কর্তৃপক্ষের প্রায়
৪ লক্ষ টাকা খরচ হইবে বলিয়া
জানা যায়। অন্যদিকে একটি প্রধান
প্রতিবন্ধী সংগঠনের প্রাথমিক
হিসাব অনুযায়ী নির্বাচনে তাহদের
এককভাবে প্রায় ২ লক্ষ টাকা খরচ
হইবে। আগামীকাল সকাল ৮টা
হইতেবেলা ২টা পর্যন্ত ১৩টি হলে
তোট গ্রহণ করা হইবে। একজন
তোটারকে ডাকস্বর ২০টি এবং
হলের ১২টি মোট ৩২টি তোট
প্রদান করিতে হইবে।

ରାଗଭେଦ କ୍ଷମିତାରେ ଧୀର୍ଘ

ନିବିତ

কর্তৃপক্ষ আসন্ন ডাকস্ব নির্বাচন
উপলক্ষে আজ (মঙ্গলবার) সকাল
৮ট'র পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে
বা আবাসিক হলে কোন বহিরাগত
অচাত্র বা অপরিচিত ব্যক্তিকে না।
খীকার নির্দেশ দিয়াছেন। আগামী-
কাল ভেট কেন্দ্রে ছাত্র-ছাত্রীদেরকে
পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য পুন-
রোয় নির্দেশ দেওয়া হইয়াছে।